176

দৈনিক সংবাদ

তারিখ ... 14 NOV 1997 ...
পৃষ্ঠা ... 14 NOV 1997 ৭

কৃষি বিশ্ববিদ্যালয়

# রেফার্ড পরীক্ষা বাতিলের সিদ্ধান্ত

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

কৃষি বিশ্ববিদ্যালয়ের সাপ্লিমেন্টারি পরীক্ষা বাতিল সংক্রান্ত একাডেমিক কাউন্সিলের সিদ্ধান্ত অনুমোদন করেছে সিন্ডিকেট।

কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ডঃ মুহাম্মদ হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত সিন্ডিকেটের ২৩৭তম সভায় সাপ্লিমেন্টারি পরীক্ষা বাতিলের সিদ্ধান্ত গৃহীত হয়েছে বলে জানা গেছে।

প্রচলিত আইন অনুযায়ী ছাত্রছাত্রীদেরকে যেক্ষেত্রে প্রতিবিষয়ে ন্যূনতম ৪০ নম্বর পেয়ে গড়ে ৪৫ নম্বর পেয়ে পাস করতে হতো, নতুন নিয়মে তা বহাল থাকলেও কনসেশন রুলে ১০ নম্বরের স্থলে ১২ নম্বর দেয়ার সিদ্ধান্ত পাস করার সিদ্ধান্ত নেয়া একাডেমিক কাউন্সিল গত ২৮শে অক্টোবর। প্রচলিত নিয়ম অনুযায়ী গড়ে শতকরা ৪৫ নম্বর পাওয়ার পরেও সর্বাধিক ৩টি বিষয়ে ফেল করার কারণে পরীক্ষার ফল প্রকাশের ৪৫ দিনের মধ্যে সাপ্লিমেন্টারি পরীক্ষা দিয়ে পাস করার সুযোগ ছিল। নতুন নিয়মে সাপ্লিমেন্টারি পরীক্ষা দেয়ার কোন সুযোগ থাকছে না। শতকরা গড়ে ৪৫ ভাগ নম্বরের স্থলে ১ নম্বর কম পেলে পূর্বে যেখানে একজন শিক্ষার্থী ফেল করত নতুন নিয়মে সর্বমোট নম্বরের শতকরা ৪৫ ভাগ নম্বর পেতে ১২ নম্বর পর্যন্ত কম পড়লেও তা পূরণ করা হবে বলে সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

সাপ্লিমেন্টারি পরীক্ষা বাতিলের একাডেমিক কাউন্সিলের সিদ্ধান্তের প্রতিবাদে শিক্ষার্থীদের ছাত্র ধর্মঘট ও সেমিস্টার পদ্ধতি প্রচলন সম্পর্কে উপাচার্য অধ্যাপক ডঃ মুহাম্মদ হোসেন সাংবাদিকদের বলেন, সেমিস্টার পদ্ধতি প্রচলন সম্পূর্ণভাবে একজন শিক্ষকের কমিটমেন্টের উপর নির্ভর করে। সাম্প্রতিক সময়ে ছাত্রছাত্রীরা কয়েকজন শিক্ষক 'শূন্য' দিয়ে ফেল করিয়ে দিচ্ছেন— এ অভিযোগের প্রেক্ষিতে কৃষি বিশ্ববিদ্যালয়ের সেমিস্টার পদ্ধতি প্রচলন বেশ অসুবিধাই হবে।